আপলোডের ব্যবস্থা নিন N Rahman 28/05/2026

৮১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শের-ই বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

নম্বর: ১৫.৫৩.০০০০.০১৩.২৪.০২০.২৫.৬৫০

তারিখ : বঙ্গাব্দ
28/5/2026 খ্রিস্টাব্দ

বিষয় : জনাব মোঃ মতিয়ার রহমান-এর হার্টের চিকিৎসার জন্য আর্থিক সাহায্যের আবেদন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টি সেল, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকার অনিয়মিত শিল্পী জনাব মোঃ মতিয়ার রহমান-এর হার্টের সমস্যা ধরা পড়ায় জরুরী ভিত্তিতে হার্টে দুটি রিং (স্টেন্ট) এবং একটি আর্টারি বেলুন (অ্যাঞ্জিওপ্লাস্টি) স্থাপন করার জন্য ডাক্তার পরামর্শ প্রদান করেছেন।

২। জনাব মোঃ মতিয়ার রহমান একজন স্বল্প বেতনের চুক্তিভিত্তিক অনিয়মিত শিল্পী হিসেবে এই ব্যয়বহুল চিকিৎসার খরচ বহন করা তাঁর পক্ষে সম্ভব হচ্ছেনা। প্রেক্ষিতে তিনি বাংলাদেশ বেতারের সকল কর্মকর্তা/কর্মচারী/শিল্পী কলাকুশলীদের নিকট হতে আর্থিক সাহায্যের জন্য অনুরোধ জানিয়ে আবেদন করেছেন।

৩। এমতাবস্থায়, মানবিক দৃষ্টিতে জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টি সেল, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকার স্বল্প বেতনভুক্ত চুক্তিভিত্তিক একজন অনিয়মিত শিল্পী হিসেবে জনাব মোঃ মতিয়ার রহমান-কে আর্থিক সাহায্য প্রদানের লক্ষ্যে তার আত্মব্যাখ্যাবহ আবেদনপত্রটি পৃষ্ঠাংকন করা হলো। সাহায্য পাঠানোর জন্য তার ছেলের ব্যাংক হিসাব: জনাব মোঃ মওদুদ হোসেন রাকিব, এবি ব্যাংক পিএলসি,শ্যামলী শাখা, ঢাকা একাউন্টস নাম্বার: ১১১১২৭৭৬২৭৩১৪ **বিকাশ পার্সোনাল নাম্বার ০১৪০৮-১১১৬৫১।**

28/5/26

দেওয়ান আশরাফুল ইসলাম
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)
মহাপরিচালকের পক্ষে।
ফোনঃ ৪৪৮১৩০৭৭

বিতরণ : কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৩। অতিরিক্ত মহাপরিচালক (বার্তা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৪। পরিচালক (প্রশাসন ও অর্থ) বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সংরক্ষণ ও সরঞ্জাম/কারিগরী কায, বাংলাদেশ বেতার, ঢাকা/২ x ২৫০ কিঃ ওঃ বাংলাদেশ বেতার, কবিরপুর ঢাকা/মহাশক্তি প্রেরণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ধামরাই, ঢাকা।
৬। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**
৭। সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন, বাংলাদেশ বেতার, ঢাকা/সংরক্ষণ অনুবিভাগ/পরিকল্পনা শাখা, বাংলাদেশ বেতার, ঢাকা।
৮। সিনিয়র প্রকৌশলী, বাংলাদেশ বেতার, ঢাকা/চট্টগ্রাম।
৯। আবাসিক প্রকৌশলী, উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২/৩/৪/৫ বাংলাদেশ বেতার, সাভার, ঢাকা/বাংলাদেশ বেতার, নওয়াপাড়া, যশোর/ বাংলাদেশ বেতার, কালুরঘাট, চট্টগ্রাম/বাংলাদেশ বেতার, কাহালু, বগুড়া।
১০। পরিচালক, অনুষ্ঠান/লিয়াজোঁ/শিক্ষা/সংগীত/কৃষি সার্ভিস দপ্তর/জনসংখ্যা,স্বাস্থ্য ও পুষ্টি সেল/কেন্দ্রীয় বার্তা সংস্থা/মনিটরিং পরিদপ্তর/বাণিজ্যিক কার্যক্রম/ট্রান্সক্রিপশন সার্ভিস/বহির্বিশ্ব কার্যক্রম, বাংলাদেশ বেতার, ঢাকা।
১১। পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা/চট্টগ্রাম।
১২। আঞ্চলিক পরিচালক, বেতার প্রকাশনা দপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা/রাজশাহী/সিলেট/রংপুর/খুলনা/বরিশাল/কক্সবাজার/বান্দরবান/ ঠাকুরগাঁও/রাঙ্গামাটি/কুমিল্লা/গোপালগঞ্জ/ময়মনসিংহ।
১৩। আঞ্চলিক প্রকৌশলী,বাংলাদেশ বেতার, রাজশাহী/সিলেট/রংপুর/খুলনা/বরিশাল/কক্সবাজার/বান্দরবান/ঠাকুরগাঁও/রাঙ্গামাটি/ কুমিল্লা/গোপালগঞ্জ/ময়মনসিংহ।
১৪। স্টেশন প্রকৌশলী, মনিটরিং পরিদপ্তর/ট্রান্সক্রিপশন সার্ভিস, বাংলাদেশ বেতার, ঢাকা।
১৫। আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক,বাংলাদেশ বেতার, চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/রংপুর/খুলনা/বরিশাল/কক্সবাজার/বান্দরবান/ঠাকুরগাঁও/রাঙ্গামাটি/কুমিল্লা।
১৬। উপ-বার্তা নিয়ন্ত্রক,বাংলাদেশ বেতার, গোপালগঞ্জ/ময়মনসিংহ।
১৭। উপ-আঞ্চলিক প্রকৌশলী, কেন্দ্রীয় ভান্ডার, বাংলাদেশ বেতার, পাহাড়তলী, চট্টগ্রাম।
১৮। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
১৯। জনাব মোঃ মতিয়ার রহমান, অনিয়মিত শিল্পী, জনসংখ্যা, স্বাস্থ ও পুষ্টি সেল, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা ।
২০। গার্ড ফাইল (সংস্থাপন-২)।

তারিখ:

বরাবর,
মহাপরিচালক
বাংলাদেশ বেতার
সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।

**মাধ্যম: যথাযথ কর্তৃপক্ষ।**

**বিষয়: হার্টের সুচিকিৎসার জন্য আর্থিক সহায়তার আবেদন।**

মহোদয়,
সবিনয় নিবেদন এই যে, আমি মোঃ মতিয়ার রহমান, বাংলাদেশ বেতারের আগারগাঁওস্থ 'জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টি সেল' -এ (৪র্থ তলা) গত এক যুগেরও বেশি সময় ধরে 'ফরাস' পদে প্রজেক্টের অধীনে কর্মরত আছি। অত্যন্ত দুঃখের সাথে জানাচ্ছি যে, দীর্ঘমেয়াদী আইনি জটিলতায় আমার স্থাবর-অস্থাবর সকল সম্পদ নিঃশেষ হয়ে গেছে। বর্তমানে আমি চরম আর্থিক সংকটে নিমজ্জিত। বর্তমানে চুক্তিভিত্তিক নিয়োগে আমার মাসিক ১০,০০০ টাকা বেতন পাওয়ার কথা থাকলেও গত প্রায় দুই বছর যাবৎ বেতন বন্ধ রয়েছে। এই অবস্থায় পরিবারের ভরণপোষণ এবং অসুস্থ স্ত্রীর চিকিৎসার ব্যয়ভার বহন করা আমার পক্ষে দুঃসাধ্য হয়ে পড়েছে।বর্তমানে আমি নিজে গুরুতর হৃদরোগে আক্রান্ত হয়ে ইবনে সিনা হাসপাতাল, কল্যাণপুরে চিকিৎসাধীন আছি। দায়িত্বরত চিকিৎসকের পরামর্শ অনুযায়ী, জরুরি ভিত্তিতে আমার হার্টে দুটি রিং (স্টেন্ট) এবং একটি আর্টারি বেলুন (অ্যাঞ্জিওপ্লাস্টি) স্থাপন করা প্রয়োজন। এই চিকিৎসার জন্য আনুমানিক ৪,০০,০০০ (চার লক্ষ) টাকা প্রয়োজন, যা আমার বা আমার পরিবারের পক্ষে জোগাড় করা অসম্ভব। আমার ছেলে একটি বেসরকারি হাসপাতালে সামান্য বেতনে চাকরি করে, যা দিয়ে এই বিশাল ব্যয় নির্বাহ করা কোনোভাবেই সম্ভব নয়।অতএব মহোদয়,বিনীত প্রার্থনা এই যে, আমার দীর্ঘদিনের কর্মস্থল বাংলাদেশ বেতারের কেন্দ্র ও ইউনিটগুলোর মাধ্যমে যদি আমাকে মানবিক কারণে আর্থিক সহায়তা প্রদান করা হয়, তবে আমি প্রয়োজনীয় চিকিৎসা শেষে পুনরায় স্বাভাবিক জীবনে ফিরতে পারব। আপনার সদয় দৃষ্টি ও সহানুভূতি আমার জীবন বাঁচাতে সহায়ক হবে।

নিবেদক,

**(মোঃ মতিয়ার রহমান)**
ফরাস
জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টি সেল
বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
মোবাইল: ০১৯১৩-০৩৯৮৬৮
আর্থিক লেনদেনের তথ্য:
(ছেলের ব্যাংক হিসাব ও নম্বর)
বিকাশ নম্বর: ০১৪০৮-১১১৬৫১
ব্যাংক হিসাবের নাম:
মোঃ মওদুদ হোসেন রাকিব
হিসাব নম্বর: ১১১১২৭৭৬২৭৩১৪
ব্যাংক: এবি ব্যাংক পিএলসি, শ্যামলী শাখা।

**সংযুক্তি:**
১. চিকিৎসকের ব্যবস্থাপত্র ও রোগ নির্ণয় সংক্রান্ত কাগজপত্রের ফটোকপি।